**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৯৬/২০১৭**

**ঢাকা, মঙ্গলবার ১৬ মে ২০১৭, ২ জ্যৈষ্ঠ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সেনানিবাস এলাকায় ভিক্ষা করলে ২০ হাজার টাকা জরিমানা
: মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন

২। ভ্যাটের হার সহনীয় রাখতে নির্দেশ প্রধানমন্ত্রীর

৩। জনবিচ্ছিন্নরা দলের মনোনয়ন পাবেন না : প্রধানমন্ত্রী

৪। মানবাধিকার কমিশনকে তৃণমূল পর্যায়ে কর্মকাণ্ড জোরদারের আহ্বান রাষ্ট্রপতির

৫। দেশে আরো এক হাজার কমিউনিটি ক্লিনিক হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী

৬। শর্তপূরণে ব্যর্থ বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে : শিক্ষামন্ত্রী

৭। এমপিদের সক্ষমতা কাজে লাগিয়ে বহু চ্যালেঞ্জ মোকাবিলা সম্ভব : স্পিকার

৮। পবিত্র রমজান মাস উপলক্ষে ন্যায্য মূল্যে টিসিবির পণ্য বিক্রি শুরু

৯। পাটজাত মোড়ক ব্যবহার না করলে ঋণ সুবিধা নয় : বাংলাদেশ ব্যাংকের সার্কুলার

১০। বৈদেশিক মুদ্রা অ্যাকাউন্ট থেকে ঋণ পরিশোধ করা যাবে : বাংলাদেশ ব্যাংকের সার্কুলার

১১। মানবতাবিরোধী অপরাধের মামলায় দেলাওয়ার হোসাইন সাঈদীর আমৃত্যু কারাদণ্ড বহাল

১। **সেনানিবাস এলাকায় ভিক্ষা করলে ২০ হাজার টাকা জরিমানা : মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন**

সেনানিবাস (ক্যান্টনমেন্ট) এলাকায় ভিক্ষা করলে সর্বোচ্চ ২০ হাজার টাকা জরিমানার বিধান রেখে 'সেনানিবাস আইন, ২০১৭' খসড়া চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। একই আইনে ওই এলাকায় মলমূত্র ত্যাগ, মাতলামি করলেও অনুরূপ জরিমানার বিধান রাখা হয়েছে। গতকাল **১৫** মে সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে ওই আইনের খসড়াটি অনুমোদন দেওয়া হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

২। **ভ্যাটের হার সহনীয় রাখতে নির্দেশ প্রধানমন্ত্রীর**

মূল্য সংযোজন করের (ভ্যাট) হার সহনীয় মাত্রায় রেখে যথা সময়ে নতুন আইন বাস্তবায়নের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, সব কিছু বিবেচনা করে ভ্যাট আদায় করতে হবে। এমন কিছু করা উচিত হবে না, যাতে ব্যবসা-বাণিজ্য ক্ষতিগ্রস্ত হয়, সাধারণ জনগণের কষ্ট বাড়ে। গত **১৪** মে রোববার গণভবনে আগামী অর্থবছরের বাজেট নিয়ে অনুষ্ঠিত বৈঠকে এসব কথা বলেন প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার বিজনেস পাতা** (পৃ.১,ক.১)।

৩। **জনবিচ্ছিন্নরা দলের মনোনয়ন পাবেন না : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দলের তৃণমূল পর্যায়ের নেতাকর্মীদের সঙ্গে সম্পর্ক না থাকলে কোনো এমপি বা দলের নেতাকে আগামী সংসদ নির্বাচনে মনোনয়ন দেওয়া হবে না। জনগণের কাছে গ্রহণযোগ্য এমন নেতাদের দলের প্রার্থী করা হবে। জনবিচ্ছিন্নরা মনোনয়ন পাবেন না। এলাকায় দলে কোন্দল থাকলে তা নিরসন করে আগামী নির্বাচনের জন্য মন্ত্রী, এমপিসহ বিভিন্ন পর্যায়ের নেতাদের প্রস্তুতি নিতে হবে। সরকারের সাফল্যের কথা তৃণমূলের জনগণের কাছে তুলে ধরতে হবে। গতকাল **১৫** মে সোমবার সচিবালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠক শেষে অনির্ধারিত আলোচনায় এসব কথা বলেন প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৬), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

৪। **মানবাধিকার কমিশনকে তৃণমূল পর্যায়ে কর্মকান্ড জোরদারের আহ্বান রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ গণসচেতনতা সৃষ্টি এবং সাধারণ মানুষের অধিকার প্রতিষ্ঠায় তৃণমূল পর্যায়ে জাতীয় মানবাধিকার কমিশনের কর্মকান্ড জোরদারের আহ্বান জানিয়েছেন। কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হকের নেতৃত্বে সংস্থার ৫ সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল **১৫** মে সোমবার রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানিয়ে বলেন, জাতীয় মানবাধিকার কমিশনের কর্মকান্ড তৃণমূল পর্যায়ে পৌঁছে দিতে তৎপরতা জোরদারের উদ্যোগ নিন। বৈঠক শেষে রাষ্ট্রপতির প্রেস সচিব জয়নাল আবেদীন বলেন, সাধারণ মানুষের মানবাধিকার সমুন্নত রাখতে কমিশন সর্বাত্মক প্রচেষ্টা চালাবে বলে রাষ্ট্রপতি আশা প্রকাশ করেন। প্রতিনিধিদলের সদস্যরা কমিশনের ভবিষ্যৎ কর্ম পরিকল্পনাসহ সার্বিক কর্মকান্ড রাষ্ট্রপতিকে অবহিত করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **প্রথম আলো** (শেষ পৃ.১৬,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

৫। **দেশে আরো এক হাজার কমিউনিটি ক্লিনিক হচ্ছে : স্বাস্থ্যমন্ত্রী**

দেশে আরো নতুন ১ হাজার ২৯টি হেলথ কমিউনিটি ক্লিনিক স্থাপনের কাজ হাতে নেওয়া হচ্ছে। পুরানোগুলোর মধ্যে প্রায় ২ হাজার ক্লিনিকের সংস্কার ও নবরূপায়নের উদ্যোগ নেওয়া হবে। গতকাল **১৫** মে সোমবার সচিবালয়ে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রম এবং হেলথ কমিউনিটি ক্লিনিক মডেল উপস্থাপন সংক্রান্ত এক সভায় এই তথ্য জানানো হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম এতে সভাপতিত্ব করেন। সভায় স্বাস্থ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রীর স্বপ্নের ফসল কমিউনিটি ক্লিনিক কার্যক্রমের সাফল্য আজ সারা বিশ্বে বাংলাদেশকে এক গর্বিত রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠিত করেছে। বিশ্ব নেতৃবৃন্দ বাংলাদেশের যেসব অর্জনকে অন্যান্য উন্নয়নশীল দেশের জন্য উদাহরণ হিসেবে চিহ্নিত করছে সেগুলোর মধ্যে কমিউনিটি ক্লিনিক অন্যতম। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫)।

৬। **শর্তপূরণে ব্যর্থ বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবেঃ শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে নিজস্ব ক্যাম্পাসে যেতে হবে। বিধিবিধান মেনে বিশ্ববিদ্যালয় পরিচালনা করতে হবে। যারা নির্ধারিত শর্ত পূরণে ব্যর্থ হয়েছে এবং একাধিক ক্যাম্পাসে পাঠদান পরিচালনা করছেন, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। শিক্ষামন্ত্রী গতকাল ১৫ মে সোমবার



ঢাকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অতীশ দীপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২য় সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.৫)।

**৭। এমপিদের সক্ষমতা কাজে লাগিয়ে বহু চ্যালেঞ্জ মোকাবিলা সম্ভব : স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী উন্নয়নশীল দেশসমূহের সংসদ সদস্যদের সক্ষমতাকে কাজে লাগিয়ে তথ্য প্রযুক্তি, জলবায়ু পরিবর্তন ও বিশ্ব বাণিজ্য চ্যালেঞ্জ মোকাবিলা করার আহ্বান জানিয়েছেন। গতকাল ১৫ মে সোমবার সিঙ্গাপুরে প্যান প্যাসিফিক হোটেলে রাজারত্নম স্কুল অব ইন্টারন্যাশনাল স্টাডিজ-ডব্লিউটিও সেক্রেটারিয়েট (আরএসআইএস-ডব্লিউটিও) আয়োজিত ‘সংসদ সদস্যদের জন্য আন্তর্জাতিক বাণিজ্য বিষয়ক কর্মশালা-২০১৭’ উদ্বোধন সেশনে একথা বলেন। প্রথমদিনের সেশন শেষে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সিঙ্গাপুর পার্লামেন্টের স্পিকার এমডিএম হালিমাহ্ ইয়াকুবের সাথে সাক্ষাৎ করেন। এ সময় তারা নারীর ক্ষমতায়ন, নারী শিক্ষা, জেন্ডার সমতা, নারীর আর্থসামাজিক উন্নয়ন, নারীর প্রতি সহিংসতারোধ, সংসদীয় রীতিনীতি ও চর্চা, সংসদীয় কার্যক্রমে নারীর অংশগ্রহণ ইত্যাদি বিষয়ে আলোচনা করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.২,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৬)।

**৮। পবিত্র রমজান মাস উপলক্ষে ন্যায্য মূল্যে টিসিবির পণ্য বিক্রি শুরু**

আসন্ন পবিত্র রমজান মাস উপলক্ষে ন্যায্য মূল্যে ঢাকাসহ সারাদেশে ডিলারদের মাধ্যমে ট্রাকে করে ভোজ্যতেল, চিনি, মসুর ডাল, ছোলা ও খেজুর বিক্রি শুরু করেছে সরকারি সংস্থা ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশ (টিসিবি)। শুক্রবার ব্যতীত সপ্তাহে ছয়দিন এসব পণ্য বিক্রি কার্যক্রম চলবে। ট্রাকে প্রতি কেজি চিনি ৫৫ টাকা, প্রতি কেজি মসুর ডাল ৮০ টাকা, লিটার প্রতি সয়াবিন তেল ৮৫ টাকা, ছোলা ৭০ টাকা এবং খেজুর ১২০ টাকায় বিক্রি হবে। গতকাল ১৫ মে সোমবার থেকে পণ্য বিক্রি শুরু করে টিসিবি সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **প্রথম আলো** (পৃ.১২,ক.৩)।

**৯। পাটজাত মোড়ক ব্যবহার না করলে ঋণ সুবিধা নয় : বাংলাদেশ ব্যাংকের সার্কুলার**

নির্ধারিত ১৭ পণ্যের উৎপাদক, সরবরাহকারী, ব্যবসায়ী বা প্রতিষ্ঠান পাটজাত মোড়ক ব্যবহার না করলে ব্যাংক ঋণ পাবেন না। একই সঙ্গে এধরনের ব্যবসায়ী বা প্রতিষ্ঠানের ঋণ নবায়নও করা হবে না। গতকাল ১৫ মে সোমবার বাংলাদেশ ব্যাংক ঋণ না পাওয়ার বিষয়ে প্রজ্ঞাপন জারি করে দেশে কার্যরত সকল ব্যাংকের প্রধান নির্বাহীদের কাছে পাঠিয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১)।

**১০। বৈদেশিক মুদ্রা অ্যাকাউন্ট থেকে ঋণ পরিশোধ করা যাবে : বাংলাদেশ ব্যাংকের সার্কুলার**

এক্সপোর্ট রিটেনশন কোটা বা ইআরকিউ হিসাবে জমা থাকা অর্থ দিয়ে বিদেশি ঋণ পরিশোধ করা যাবে। এ ক্ষেত্রে সহযোগী প্রতিষ্ঠানের ইআরকিউ হিসাব থেকেও বিদেশি ঋণ শোধ করা যাবে। গতকাল ১৫ মে সোমবার বাংলাদেশ ব্যাংক এক সার্কুলারে নতুন এ নির্দেশনার বিষয়টি বৈদেশিক মুদ্রা লেনদেনকারী ব্যাংকের প্রধান নির্বাহীদের কাছে পাঠিয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬)।

**১১। মানবতাবিরোধী অপরাধের মামলায় দেলাওয়ার হোসাইন সাঈদীর আমৃত্যু কারাদন্ড বহাল**

একাত্তরে মুক্তিযুদ্ধকালে মানবতাবিরোধী অপরাধের মামলায় জামায়াতে ইসলামীর নেতা দেলাওয়ার হোসাইন সাঈদীর আমৃত্যু কারাদন্ড বহাল রেখেছেন আপিল বিভাগ। গতকাল ১৫ মে সোমবার সর্বোচ্চ আদালতের দেওয়া দণ্ডাদেশ পুনর্বিবেচনা (রিভিউ) চেয়ে রাষ্ট্রপক্ষ ও সাঈদীর করা পৃথক দুটি আবেদন খারিজ করে দেন প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন আপিল বিভাগের পাঁচ সদস্যের বেঞ্চ। সূত্র-**প্রথম আলো** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.২)।

=৪=

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রাজধানীসহ সারাদেশে চিকনগুনিয়ায় আক্রান্ত রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে জনসচেতনতা তৈরি করার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ, যুগান্তর, ডেইলি স্টার, নিউ এজ, নিউ নেশন :** দেশের ৬৮ কারাগারের মধ্যে ৬৩টিতেই কোনো চিকিৎসক না থাকার কথা উল্লেখ করে কারা হাসপাতালগুলোতে মানসম্মত চিকিৎসা নিশ্চিত করার লক্ষ্যে সরকারের সংশ্লিষ্ট বিভাগগুলোকে দ্রুত সমন্বিত উদ্যোগ নেওয়ার সুপারিশ।

গ. **প্রথম আলো :** সেতুর সঙ্গে সংযোগ সড়ক না থাকায় পটুয়াখালীর বাউফল উপজেলার কাছিপাড়া ইউনিয়নের বাসিন্দাদের দুর্ভোগ পোহাতে হচ্ছে উল্লেখ করে অবিলম্বে সেতুর সঙ্গে সংযোগ সড়ক নির্মাণ করে জনভোগান্তি দূর করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যুগান্তর :** নিম্ন আদালতের সাথে সাথে উচ্চ আদালতের কর্মচারীদের মধ্যে দুর্নীতি, অনিয়ম ও প্রতারণা বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে ন্যায়বিচারের স্বার্থে উন্নত কোর্ট ব্যবস্থাপনা চালু ও অনিয়মের বিরুদ্ধে কঠোর অবস্থান নিতে সুপ্রিম কোর্টকেই এগিয়ে আসতে হবে বলে মত প্রকাশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট, ইত্তেফাক :** বরিশালের শেরেবাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে পুকুর ও মহিলা ওয়ার্ড থেকে পাঁচ লক্ষাধিক টাকার সরকারি ওষুধ উদ্ধার হওয়ায় দায়ী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়াসহ এ ধরনের ঘটনার প্রতিকারে সংশ্লিষ্ট মহলকে সচেতন থাকার সুপারিশ।

চ. **ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট, যায়যায়দিন, ইনকিলাব :** চলতি অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধির হার বৃদ্ধি ও মাথাপিছু আয় বেড়ে যাওয়া সার্বিক অর্থে তা ইতিবাচক বলে অভিমত প্রকাশ করে অর্থনীতির এ ধারা অব্যাহত রাখতে বিনিয়োগবান্ধব পরিবেশ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউজ টুডে :** অবৈধ অভিবাসন ব্যয় খুব বেশি হওয়ায় বিদেশে বাংলাদেশি কর্মী প্রেরণ ব্যয়বহুল ও ঝুঁকিপূর্ণ হওয়ায় দেশে প্রচুর চাকরির সুযোগ সৃষ্টি করে বেকারদের কর্মসংস্থানের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে বিচার বিভাগের সকল স্তরে দক্ষতা এবং মেধার ভিত্তিতে নিয়োগ ব্যবস্থা প্রচলিত করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'পর্যটন শিল্পের উন্নয়নে প্রয়োজন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জোরালো**

**ভূমিকা’** শিরোনামের নিবন্ধে রেজাউল করিম খোকন পর্যটন খাতকে চাঙ্গা ও উন্নত করতে স্পেশাল ট্যুরিজম ব্যাংকিং কর্মসূচি চালুর ব্যাপারে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান গুরুত্বের সঙ্গে বিবেচনা করলে জাতীয় অর্থনীতিতে শুভ ফলাফল বয়ে আনতে পারে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা